(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩৪.২২.০০০১.১৮.১১৯

**প্রজ্ঞাপন**

সমন্বিত ও পরিকল্পিতভাবে ড্রেজিং কার্যক্রম পরিচালনা ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনার মাধ্যমে নদী খনন, নৌরুট সৃষ্টি/পুনরুদ্ধার, মৎস্য, কৃষি ও সেচ ব্যবস্থাপনার উন্নয়ন, জলাভূমির জীববৈচিত্র্য, বিভিন্ন জলজ প্রজাতির প্রজনন ও আবাসস্থল সুরক্ষা, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলাসহ পরিবেশের ভারসাম্য রক্ষার উদ্দেশ্যে সর্বজনীন ব্যবহারের জন্য "ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৫" প্রণয়ন করা হয়েছে এবং উপদেষ্টা পরিষদ-বৈঠকে অনুমোদিত হয়েছে।

২। অনুমোদিত "ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৫" সর্বজনীন ব্যবহারের জন্য নির্দেশক্রমে জারী করা হলো। ড্রেজিং, ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা বা এ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনাকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং সরকারী/বেসরকারী সকল দপ্তরের জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে।

৩। অত্র প্রজ্ঞাপন জারীর দিন হতে এ নীতিমালাটি কার্যকর বলে গণ্য হবে।

সংযুক্তি: অনুমোদিত "ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৫" এর কপি।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) "ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৫"

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৬-০৮-২০২৫
তাহমিনা আক্তার রেইনা
সিনিয়র সহকারী সচিব
**২২২৩৩৫৭২৩৬**
dsrmpr@mowr.gov.bd

**নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩৪.২২.০০০১.১৮.১১৯/১ (১০)

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, প্রধান উপদেষ্টার কার্যালয়।
৩। সিনিয়র সচিব/সচিব ................ মন্ত্রণালয়/বিভাগ (সকল) [তাঁর আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ]।
৪। ........................১ম শ্রেণীর কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়।।

৫। ........... সংস্থা প্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।
৬। একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭। উপপরিচালক, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ১০০০ (এক হাজার) কপি জরুরি ভিত্তিতে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো]।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।

২৬-০৮-২০২৫
তাহমিনা আক্তার রেইনা
সিনিয়র সহকারী সচিব